# Times Today BD

ডেস্ক রিপোর্ট | প্রবাস | 14 April, 2025

অস্ট্রেলিয়ার সিডনিতে বাংলা নববর্ষ-১৪৩২ উপলক্ষে ছিল নানান আয়োজন।শনিবার (১২ এপ্রিল) অস্ট্রেলিয়ায় বসবাসরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের সাবেক ছাত্ররা উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে এবারের বর্ষবরণের অনুষ্ঠান উদযাপন করেন।

সিডনির প্যারামাটা পার্কের নয়নাভিরাম পরিবেশে মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন ও মঙ্গল শোভাযাত্রার মধ্য দিয়ে শুরু হয় এবারের বর্ষবরণের আয়োজন।এ আয়োজনে উপস্থিত প্রায় সবাই বাঙালির চিরাচরিত পোশাক পরিধান করেন, বৈশাখীর গান গেয়ে এবং ব্যানার-ফেস্টুন ও বাংলাদেশের পতাকা বহন করেন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে ছিলেন অস্ট্রেলিয়া সরকারের ফেডারেল মন্ত্রী ক্রিস বোয়েন।এছাড়াও ছিলেন আসন্ন নির্বাচনে প্যারামাটা আসনের লিবারেল পদপ্রার্থী ক্যাটি মুলেনস এবং কমিউনিটির অন্যতম প্রিয় মুখ কাউন্সিলর সুমন সাহা।

এবারের বাংলা নববর্ষের অনুষ্ঠানে মানুষের আগ্রহ ও উচ্ছ্বাস ছিল চোখে পড়ার মতো।অনেকেই প্রিয়জন, বন্ধু-বান্ধব ও অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করতে গিয়ে আপ্লুত হয়ে পড়েন।এছাড়া হরেক রকমের বাঙালি খাবারের আয়োজন ছিল অনুষ্ঠানে।

খাবারের পাশাপাশি বাচ্চাদের জন্য মজার খেলার আয়োজন করা হয়, যেখানে তারা মেতে ওঠে।এছাড়া জগন্নাথ হলের প্রাক্তন ছাত্র ও তাদের স্ত্রীদের জন্যও ছিল ফান গেম।

এবারের বর্ষবরণের অনুষ্ঠান সম্পর্কে জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক বলেন, বাংলা নববর্ষ বাঙালি সংস্কৃতির শ্রেষ্ঠ উৎসব।তাই সংগঠনের সদস্যরা এই অনুষ্ঠান সফল করার জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন।এজন্য সবাইকে আন্তরিক ধন্যবাদ।

পহেলা-বৈশাখ খ্রিষ্টীয়-নববর্ষ অস্ট্রেলিয়া বাংলাদেশি-কমিউনিটি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:03

URL: https://www.timestodaybd.com/migration/299133773